## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯

### বাংলা

**1. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?**
A. আরবি B. সংস্কৃত
C. ফারসি D. পর্তুগিজ

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পর্তুগিজ শব্দ-**
আচার, আয়া, আলমারি, আলকাতরা, ইস্পাত, কেরানি, গির্জা, গুদাম, চাবি, তোয়ালে, নিলাম, পাউরুটি, পেয়ারা, পাদ্রি, ফিতা, সাবান, আনারস, পিস্তল, সায়া, কামরা, বালতি, বারান্দা, পেঁপে ইত্যাদি।
**Ans : D.**

**2. 'পিত্রাদেশ' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে-**
A. পিতঃ + আদেশ B. পিতা + আদেশ
C. পিত্র + আদেশ D. পিতৃ + আদেশ

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সন্ধিবিচ্ছেদ-**

| | | | |
|---|---|---|---|
| পিতৃ + আদেশ | পিত্রাদেশ | দেব + ঋষি | দেবর্ষি |
| তৃষ্ণা + ঋত | তৃষ্ণার্ত | রাজা + ঋষি | রাজর্ষি |
| উত্তম + ঋণ | উত্তমর্ণ | পিতৃ + আলয় | পিত্রালয় |
| অধম + ঋণ | অধমর্ণ | পিতৃ + উপদেশ | পিত্রোপদেশ |
| মহা + ঋষি | মহর্ষি | মার্ত + অন্ত | মার্তন্ড |
| পিপাসা + ঋত | পিপাসার্ত | সৎ + মতি | সন্মতি |
| ক্ষুধা + ঋত | ক্ষুধার্ত | সৎ + বংশ | সদবংশ |
| সপ্ত + ঋষি | সপ্তর্ষি | ষট + ভূজ | ষড়ভূজ |

**Ans : D.**

**3. 'দেউল' শব্দের প্রতিশব্দ কোনটি?**
A. দেওয়ালি B. দেয়াল C. দলিল D. দেবালয়

**ব্যাখ্যা: 'সাম্যবাদী' কবিতা থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- 'দেউল' শব্দের অর্থ : দেবালয়, মন্দির, উপাসনালয়।
- 'সাম্যবাদী' কবিতার সারমর্ম- মানুষের মাঝে স্বর্গ-নরক মানুষেতে সুরাসুর।
- 'ইহুদি' : প্রাচীন হিব্রু বা জু-জাতিদের বলা হয়।
- 'গারো' : গারো পর্বত অঞ্চলের অধিবাসীদের বলা হয়।
- 'হৃদয়ের ধ্যান' : গুহা মাঝে বসে মানববেদনায় সাড়া দেন বুদ্ধদেব।
- মানুষ দেবতা-ঠাকুর খুঁজে বেড়ায়-মৃত-পুঁথি-কঙ্কালে।
- সকল ধর্মগ্রন্থের মূলমন্ত্র সংকলিত আছে- মানুষের হৃদয়ের মধ্যে। তা হচ্ছে মানবতাবোধ, সমতার দৃষ্টিভঙ্গি।

**Ans : D.**

**4. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।'- বাক্যটি কোন রচনায় আছে?**
A. বিড়াল B. আহ্বান
C. জীবন ও বৃক্ষ D. আমার পথ

**ব্যাখ্যা: 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন-**
- মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।
- বৃক্ষের পানে তাকিয়ে আমরা লাভবান হই। জীবনের গূঢ় অর্থ সম্বন্ধে সচেতন হতে পারি।
- ফুলের ফোঁটা আর নদীর গতির সঙ্গে তুলনা করে তিনি (রবীন্দ্রনাথ) নদীর গতির মধ্যেই মনুষ্যত্বের সাদৃশ্য দেখতে পেয়েছেন।
- সাধনার ব্যাপারে প্রাপ্তি একটা বড় জিনিস। নদীর সাগরে পতিত হওয়ায় সেই প্রাপ্তি স্পষ্ট হয়ে ওঠেনা।
- প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে এরা (স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষ) নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি।
- বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়-প্রশান্তিরও ইঙ্গিত। অতি শান্ত ও সহিষ্ণুতায় সে জীবনের গুরুভার বহন করে।

**Ans : C.**

**5. শামসুর রাহমানের জন্মসাল হচ্ছে?**
A. ১৯২৭ B. ১৯২৮ C. ১৯২৯ D. ১৯৩১

**ব্যাখ্যা: কবি শামসুর রাহমান সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- জন্ম : ২৩ অক্টোবর ১৯২৯ খ্রিস্টাব্দ ; মৃত্যু : ১৭ আগস্ট ২০০৬ খ্রিস্টাব্দে।
- জন্মস্থান : পুরান ঢাকার মাহুতটুলী।
- পিতার নাম : মুখলেছুর রহমান ; পৈত্রিক নিবাস : নরসিংদী।
- উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, ফিরিয়ে নাও ঘাতক কাটা, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ ইত্যাদি।

**Ans : C.**

**6. নিচের কোন বানানটি শুদ্ধ?**
A. সবিদেশ B. স্ববিশেস
C. সবিশেষ D. শবিশেষ

**ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান-**

| ভুল | সঠিক | ভুল | সঠিক |
|---|---|---|---|
| শবিশেষ | সবিশেষ | দূর্লভ্য | দুর্লভ্য |
| ভাল | ভালো | অনুসঙ্গ | অনুষঙ্গ |
| কাল | কালো | ফিরিঙ্গী | ফিরিঙ্গি |
| করান | করানো | সর্বাঙ্গিন | সর্বাঙ্গীন |
| এসেছিল | এসেছিলো | আকাংখা | আকাঙ্ক্ষা |
| অনুপুঙ্খ | অনুপুঙ্খ | শৃংখলা | শৃঙ্খলা |

**Ans : C.**

**7. 'কোথায় থাকা হয়'- এটি কোন বাচ্য?**
A. কর্তৃবাচ্য B. ভাববাচ্য
C. কর্মবাচ্য D. কর্মকর্তৃবাচ্য

**ব্যাখ্যা:** • ভাববাচ্য : যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে প্রকাশিত হয় তাকে ভাববাচ্য বলে।
• **ভাববাচ্য চেনার উপায় :**
(১) ক্রিয়াপদ সর্বদা নাম পুরুষের হয়।
(২) কর্তায় দ্বিতীয়া, তৃতীয়া ও ষষ্ঠী বিভক্তি যুক্ত হয়।
যেমন: কোথায় থাকা হয়। আমার যাওয়া হলোনা। তোমার দ্বারা এ কাজ হবেনা।
**Ans : B.**

**8. নিচের কোনটিতে বহুবচনের অশুদ্ধ ব্যবহার রয়েছে?**
A. পাখিসব B. বুধমালা
C. পন্ডিতসভা D. নেতৃবর্গ

**ব্যাখ্যা:** • সব : প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দে বহুবচনে ব্যবহৃত হয়।
যেমন : ভাইসব, পাখিসব।
• মালা : অপ্রাণিবাচক শব্দে বহুবচনে ব্যবহৃত হয়।
যেমন : পর্বতমালা।
• বর্গ : উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত হয়।
যেমন : পন্ডিত বর্গ, মন্ত্রিবর্গ।
• "বুধমালা" নামে কোন শব্দ নেই।
**Ans : B.**

**9. 'পোড় খাওয়া' অর্থ-**
A. পুড়ে যাওয়া B. পরিশ্রম করা
C. মার খাওয়া D. প্রতিকূলতা পার হয়ে আসা

**ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বাগধারা-**

| | | | |
|---|---|---|---|
| ভুঁই-ফোঁড় | অর্বাচীন | মাথা খাওয়া | নষ্ট করা |
| হস্তিমূর্খ | নিরেট মূর্খ | ভেক ধরা | ভান করা |
| হাড়হদ্দ | সবকিছু | পোঁ-ধরা | মোসাহেবিকরা |
| হাড়েহাড়ে | গভীরভাবে | পগার পার | পালানো |
| হাতভাড়ি | ব্যয়কুণ্ঠ | ধোপেটেকা | সুফল দেওয়া |
| ঘোলো কলা | সম্পূর্ণ | পোড় খাওয়া | প্রতিকূলতা পার হয়ে আসা |

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

10. 'খাসমহল' শব্দের 'খাস' উপসর্গটি কোন ভাষা হতে আগত?
A. ফারসি B. আরবি C. উর্দু D. হিন্দি

ব্যাখ্যা: কিছু বিদেশি উপসর্গ দেওয়া হলো–
- আরবি উপসর্গ : আম, খাস, লা, গর।
- ফারসি উপসর্গ : কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম।
- ইংরেজি উপসর্গ : ফুল, হাফ, হেড, সাব।
- উর্দু/হিন্দি উপসর্গ : হর।

Ans : B.

11. 'স্ফীতি' বিশেষ্য পদের বিশেষণ-
A. স্ফুরণ B. স্ফুট C. স্ফীত D. স্ফূর্ত

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পদ পরিবর্তন–

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| স্ফীতি | স্ফীত | ঋজুতা | ঋজু |
| সততা | সৎ | উৎকর্ষ | উৎকৃষ্ট |
| ঘনত্ব | ঘন | হ্রাস | হ্রস্ব |
| ছেলেমি | ছেলে | শিথিলতা | শিথিল |
| স্বাদ | স্বাদু | রক্তিমতা | রক্তিম |

Ans : C.

12. সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে....... উপর; শূন্যস্থানে বসবে-
A. লতার B. ঘাসের C. মাটির D. পানির

ব্যাখ্যা: 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু লাইন–
- সেখানে বারুণী থাকে গঙ্গাসাগরের বুকে– সেখানে বরুণ।
- কর্ণফুলী ধলেশ্বরী পদ্মা জলাঙ্গীরে দেয় অবিরল জল;
- সেইখানে শঙ্খচিল পানের বনের মতো হাওয়ায় চঞ্চল,
- সেইখানে লক্ষ্মীপেঁচা ধানের গন্ধের মত অস্ফুট, তরুণ;
- সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর;
- সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;
- সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের' পর
- শঙ্খমালা নাম তার

Ans : B.

13. 'Phonetics' শব্দের পরিভাষা?
A. ধ্বনিবাদ B. ধ্বনিবিজ্ঞান
C. ধ্বনিবিদ্যা D. ধনবিদ্যা

ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ–

| | | | |
|---|---|---|---|
| Phonetics | ধ্বনিবিজ্ঞান | Fiction | কথা সাহিত্য |
| Audio | শ্রুত্য | Deputation | প্রেষণ |
| Allowance | ভাগ | Passport | ছাড়পত্র |
| Hostage | জিম্মি | Census | আদমশুমারি |
| Faculty | অনুষদ | Bond | প্রতিজ্ঞাপত্র |
| Valuation | মূল্য নির্ধারণ | Alibi | ওজর |

Ans : B.

14. প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে কী বলে?
A. ধাতু B. প্রতিনাম
C. প্রাতিপাদিক D. কৃদন্ত

ব্যাখ্যা: • ধাতু : ক্রিয়াপদ থেকে ক্রিয়াবিভক্তি বাদ দিলে যা থাকে তাই ক্রিয়ামূল বা ধাতু।
- প্রাতিপদিক : প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে প্রাতিপদিক বলে।
- কৃদন্ত পদ : কৃৎ-প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় কৃদন্ত পদ।
- প্রতিনাম : বাংলা ব্যাকরণে প্রতিনাম বলতে কোন কিছু নাই।

Ans : C.

15. কলেজের স্টাফরুমে একজন ফিসফিস করে 'জেনারেল মনসুন' বলতে কী বুঝিয়েছিলেন?
A. পাকিস্তানি জেনারেল B. রাশিয়ান জেনারেল
C. বাংলা বাঘ D. বাংলার বর্ষা

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- কলেজের স্টাফরুমে একজন ফিসফিস করে 'জেনারেল মনসুন' বলতে– রাশিয়ার শীতকালের তীব্র ঠান্ডা রাশিয়ার উইন্টার এবং বাংলার বর্ষাকে বুঝিয়েছিলেন।
- কুলির ছদ্মবেশী মিসক্রিয়েন্টরা- নুরুল হুদার নামই বলেছে।
- নুরুল হুদা থাকত- মসজিদের উল্টোদিকের বাড়ির তিনতলায়।
- নামবার সময় নুরুলহুদার দিকে তাকাল- সরদার টাইপেরটা।
- নুরুল হুদা চমকে উঠে- তার আড়াই বছরের মেয়ের সদ্য ঘুম-ভাঙা ভাঙা বুলি শুনে।
- কলেজের উর্দুর প্রফেসরের নাম– আকবর সাজিদ।

Ans : D.

16. 'ধরিয়া' থেকে 'ধরে' ধ্বনি-পরিবর্তনের কোন নিয়মে হয়েছে?
A. অন্তর্হতি B. অভিশ্রুতি
C. সমীভবন D. স্বরসঙ্গতি

ব্যাখ্যা: অভিশ্রুতি : অভিশ্রুতি অপিনিহিতির পরবর্তী পর্যায়। চলিত বাংলায় অপিনিহিতির 'ই' বা 'উ' পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে একপ্রকার সন্ধিতে মিলিত হলে এবং তার প্রভাবে পরবর্তী স্বরের সঙ্গতি বা বিকৃতি ঘটলে, তাকে বলা হয় অভিশ্রুতি।

যেমন: রাখিয়া > রাইখ্যা > রেখে মাখিয়া > মাইখ্যা > মেখে
আজি > আইজ > আজ হাসিয়া > হাইস্যা > হেসে
আসিয়া > আইস্যা > এসে ভাবিয়া > ভাইব্যা > ভেবে
ধরিয়া > ধইর‍্যা > ধরে করিয়া > কইর‍্যা > করে

Ans : B.

17. কোনটি অপপ্রয়োগের উদাহরণ-
A. একত্র B. অধীনস্থ C. চিন্তিত D. প্রত্যাশিত

ব্যাখ্যা: নিচে গুরুত্বপূর্ণ কিছু শব্দের অপপ্রয়োগ দেওয়া হলো–

| অপপ্রয়োগ | শুদ্ধশব্দ | অপ্রয়োগ | শুদ্ধশব্দ |
|---|---|---|---|
| অধীনস্থ | অধীন | প্রসারতা | প্রসার |
| অধৈর্যতা | অধৈর্য | পৌরুষত্ব | পৌরুষ |
| অপকর্ষতা | অপকর্ষ | চাতুর্যতা | চাতুর্য |
| চাঞ্চল্যতা | চাঞ্চল্য | সখ্যতা | সখ্য |
| দৈন্যতা | দৈন্য | সামর্থ্যতা | সামর্থ্য |

Ans : B.

18. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'বায়ান্নর দিনগুলো' নিচের কোন গ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?
A. জেলখানার জীবন B. কারাগারের রোজনামচা
C. অলিখিত আত্মজীবনী D. অসমাপ্ত আত্মজীবনী

ব্যাখ্যা: 'বায়ান্নর দিনগুলো, গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- 'বায়ান্নর দিনগুলো' গল্পটি– 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ থেকে চয়ন করা হয়েছে।
- বঙ্গবন্ধুর কনিষ্ঠ ভ্রাতার নাম– শেখ নাসের।
- রেণু– বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন্নেছা মুজিব।
- ফরিদপুরে সারাদিন শোভাযাত্রা চলে– ২২ তারিখ।
- বঙ্গবন্ধু ও মহিউদ্দীনের জন্য আনা হয়েছিলো– ঘোড়ার গাড়ি।
- সিভিল সার্জন সাহেব শেখ মুজিবদের দেখতে আসতেন– দিনে পাঁচ সাতবার করে।

Ans : D.

19. 'আমার সময়' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
A. দিলওয়ার B. শামসুর রাহমান
C. সুফিয়া কামাল D. আবু জাফর ওবায়দুল্লাহ

ব্যাখ্যা: 'আবু জাফর ওবায়দুল্লাহ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- জন্ম : ৮ই ফেব্রুয়ারি, ১৯৩৪ এবং মৃত্যু : ১৯ মার্চ, ২০০১।
- জন্মস্থান : বহেরচর–ক্ষুদ্রকাঠি গ্রাম, বাবুগঞ্জ, বরিশাল।
- কর্মজীবন : লেকচারার–ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
মন্ত্রী–কৃষিও পানি সম্পদ মন্ত্রণালয়।
রাষ্ট্রদূত–ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র।
- উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : সাত নরীর হার, কমলের চোখ, আমার সময়, আমি কিংবদন্তির কথা বলছি, সহিষ্ণু প্রতীক্ষা, খাঁচার ভিতর অচিন পাখি, মসৃণ কৃষ্ণগোলাপ কখনো রং কখনো সুর ইত্যাদি।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

20. কোন শব্দে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত?
A. উপকণ্ঠ B. উপনদী C. উপভাষা D. উপধর্ম

ব্যাখ্যা: বিভিন্ন অর্থে 'উপ' উপসর্গের ব্যবহার–
সামীপ্য অর্থে : উপকণ্ঠ, উপকূল।
সদৃশ অর্থে : উপদ্বীপ, উপবন।
মন্দ অর্থে : উপদেবতা, উপপতি, উপজীবী।
ক্ষুদ্র অর্থে : উপনদী, উপগ্রহ, উপভাষা, উপধর্ম, উপনগর, উপজেলা, উপজাতি।
বিশেষ অর্থে : উপনয়ন, উপভোগ।
Ans : A.

21. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'রাজসিংহ' একটি-
A. গল্পগ্রন্থ B. মিথ আশ্রয়ী উপন্যাস
C. ঐতিহাসিক উপন্যাস D. রম্যরচনা

ব্যাখ্যা: বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
• 'রাজসিংহ' উপন্যাসটি : রাজনৈতিক ঐতিহাসিক উপন্যাস।
• মূল বিষয় : মোগল সম্রাট আওরঙ্গজেব ও রাজপুত রাজা রানা রাজসিংহের মধ্যে সংঘটিত যুদ্ধ।
• চরিত্র - আওরঙ্গজেব, রাজসিংহ, জেব-উন্নিসা, উদিপুরী।
• বঙ্গদর্শন পত্রিকায় প্রথম প্রকাশিত হয় : ১৮৮২ খ্রীষ্টাব্দে।
• খন্ড ও পর্ব : তিন খন্ডে মোট বিশটি পর্বে রচিত।
Ans : C.

22. 'কী জাদু বাংলা গানে!'- বিখ্যাত গানের এই চরণাংশ কোন রচনায় উদ্ধৃত হয়েছে?
A. বায়ান্নর দিনগুলো B. জীবন ও বৃক্ষ
C. জাদুঘরে কেন যাব D. আমার পথ

ব্যাখ্যা: 'জাদুঘরে কেন যাব' গল্পের গুরুত্বপূর্ণ কিছু লাইন-
• জাতীয় জাদুঘর একটা জাতিসত্তার পরিচয় বহন করে।
• মুদ্রা এবং অস্ত্রশস্ত্র দেখে বাংলায় মুসলিম শাসন সম্পর্কে কিছু ধারণা হয়েছিল।
• আমার ছেলেকে সোজা পেয়ে মেয়েটা জাদু করেছে, 'আর কী জাদু বাংলা গানে'! –দু'রকম দ্যোতনা প্রকাশ করে।
• জাদুঘর গড়ে উঠেছিল প্রতিষ্ঠাতার রুচিমাফিক।
• পৃথিবীর এই প্রথম জাদুঘরে ছিল নিদর্শন : সংগ্রহশাল ও গ্রন্থাগার, ছিল উদ্ভিদ বিজ্ঞান ও উন্মুক্ত চিড়িয়াখানা তবে এটা নাকি ছিল মুখ্যত দর্শন চর্চার কেন্দ্র।
• আল্লাহর কালাম বলতে তাঁর (গভর্নর সাহেব) মনে বোধ হয় ছিল তুঘরা হরফে লেখা নুসরত শাহের আশরাফপুর শিলালিপি।
Ans : C.

23. 'সুন্দর' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
A. শুন্দোর্ B. শুন্দর C. সুন্দর্ D. শোনদোর

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু শব্দের প্রমিত উচ্চারণ–

| শব্দ | প্রমিত উচ্চারণ | শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|---|---|
| সুন্দর | শুনদোর্ | অর্জুন | ওর্জুন্ |
| অভ্র | অবৃভ্রো | চৈতন্য | চোইতোন্নো |
| অর্ঘ্য | অর্ঘো | ছোবল | ছোবোল্ |
| অনুসর্গ | অনুশরগো | জ্ঞান | গ্যাঁন |
| অদ্য | ওদ্‌দো | জ্বালা | জালা |

Ans : A.

24. 'হ্ম' যুক্তব্যঞ্জনের বিশ্লিষ্ট রূপ কোনটি?
A. হ্ + ম B. হ্ + ণ C. হ্ + ন D. খ্ + ন

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু যুক্তাক্ষর–

| সংযুক্তবর্ণ | উদাহরণ | সংযুক্তবর্ণ | উদাহরণ |
|---|---|---|---|
| ষ্ণ = ষ + ণ | তৃষ্ণা, কৃষ্ণ | হ্ণ = হ + ণ | পূর্বাহ্ণ, অপরাহ্ণ |
| ক্ষ্ম = ক + ষ + ম | লক্ষ্মী, লক্ষ্মণ | দ্ধ = দ + ধ | বদ্ধ, যুদ্ধ, সমৃদ্ধি |
| ষ্ম = ষ + ম | গ্রীষ্ম | ঙ্ক = ঙ + ক | অঙ্ক, কঙ্কাল |
| হ্ন = হ + ন | মধ্যাহ্ন, সায়াহ্ন, বহ্নি | ঙ্গ = ঙ + গ | অঙ্গ, মঙ্গল, সঙ্গীত |

Ans : B.

25. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
A. ৫টি B. ৭টি C. ৯টি D. ১১টি

ব্যাখ্যা: বাংলা ভাষায় ধ্বনি ও বর্ণ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
• বর্ণ = ৫০টি • ধ্বনি = ৩৭টি
• স্বরবর্ণ = ১১টি • মৌলিক স্বরধ্বনি = ০৭টি
• ব্যঞ্জনবর্ণ = ৩৯টি • ব্যঞ্জনধ্বনি = ৩০টি
• যৌগিক স্বরধ্বনি = ২৫টি • যৌগিক স্বরবর্ণ = ০২টি
Ans : B.

## English

*Choose the correct preposition (questions 1-3)*

**1. We have to deal ______ our problems.**
A. with B. after C. on D. by

ব্যাখ্যা: Deal in- ব্যবসা করা।
Deal with - আচরণ বা আপোস করা।
প্রশ্নের sentence টির অর্থ "আমাদেরকে আমাদের সমস্যাগুলো সমাধান করতেই হবে।" সুতরাং Deal with appropriate.
Ans : A.

**2. The solution of the problem dawned ____ me.**
A. on B. in C. is D. are

ব্যাখ্যা: Dawn on - to begin to understood or realized for first time. প্রশ্নের sentence টির অর্থ দাঁড়ায় এই সমস্যার সমাধান আমি বুঝতে শুরু করেছিলাম। সুতরাং option (A) appropriate.
Ans : A.

**3. A philosopher ponders - the meaning of life.**
A. in B. on C. by D. is

ব্যাখ্যা: Ponder over/on - ধ্যান করা, চিন্তা করা।
প্রশ্নের sentence টির অর্থ একজন দার্শনিক জীবনের অর্থ চিন্তা করে।
Ans : B.

**Choose the best option (questions 4-14)**

**4. 'Over and out' - what does the phrase mean?**
A. End of message B. End of story
C. End of poetry D. End of Passage

ব্যাখ্যা: Over and out - সমাপ্ত।
ওয়াকিটকিতে সাধারণত মৌখিক বাক্য শেষ করার পর এই term ব্যবহার করা হয়। সুতরাং, সঠিক উত্তর হবে End of message.
Ans : A.

**5. An Opthalmologist is adoctor of the ______.**
A. bones B. nerves
C. eyes D. nose and throat

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Opthalmologist | চক্ষু বিশেষজ্ঞ |
| Pediatrician | শিশু রোগ বিশেষজ্ঞ |
| Nephrologist | কিডনি রোগ বিশেষজ্ঞ |
| Endocrinologist | হরমোন বিশেষজ্ঞ |
| Darmotologist | চর্মরোগ বিশেষজ্ঞ |

Ans : C.

**6. 'Very Primeval' means-**
A. Very ancient B. Peak time
C. Most important D. Main example

ব্যাখ্যা: • Very Primeval - অতি প্রাচীন।
• Very ancient - অতি প্রাচীন। • Peak time - চূড়ান্ত সময়।
• Most important - খুব গুরুত্বপূর্ণ। • Main example - প্রধান উদাহরণ।
Ans : A.

**7. Marrying ____ daughters at an early age is a standard practice in many rural families in Bangladesh?**
A. with B. off C. of D. to

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ appropriate preposition-

| | |
|---|---|
| Marry off | বিবাহ দেয়া। |
| Frown upon | অনুমোদন না করা। |
| Derogatory to | অবমাননাকর। |
| Sprinkle on | কোনো কিছু ছিটিয়ে দেয়া। |
| Congenial to | উপযোগী। |

প্রশ্নের sentence টির অর্থ বাংলাদেশের পরিবারগুলো অল্প বয়সে মেয়ে বিয়ে দেওয়া একটা সার্বজনীন রীতি হয়ে আসছে। সুতরাং option (B) ই সঠিক।
Ans : B.

**8. I will stay with you ____ there is a room free.**
A. as much as B. as many as
C. as long as D. as important as

ব্যাখ্যা:
• As much as - যত টুকু সম্ভব। • As many as - যত পরিমাণ সম্ভব।
• As long as - যতক্ষণ না পর্যন্ত। • As important as - তেমনি গুরুত্বপূর্ণ।
প্রশ্নের sentence টির অর্থ- তোমার সাথে আমি থাকবো যতক্ষণ পর্যন্ত না রুম খালি হচ্ছে।
Ans : C.

**9. Everyone has the right to _____ access to public service in his country.**
A. unequal B. equal C. stop D. limited

ব্যাখ্যা: • Unequal - অসম • Equal - সমান
• Stop - থামানো • Limited - সীমাহীন
প্রশ্নের sentence অর্থ হবে প্রত্যেকেরই তার নিজের দেশে সরকারি সেবায় সমান অধিকার রয়েছে। এখানে, সমান অর্থে equal হবে।
Ans : B.

**10. ____ this is a serious issue that deserves further study?**
A. Rarely B. Clearly C. Usually D. Promptly

ব্যাখ্যা: • Rarely - বিরলভাবে • Clearly - স্পষ্টভাবে
• Usually - সাধারণত • Promptly - শীঘ্র
প্রশ্নের sentence টির অর্থ- স্পষ্টভাবে এটি একটি গুরুত্বপূর্ণ সমস্যা যেটি অধিকতর গবেষণার মর্যাদা রাখে। সুতরাং এখানে option (B) সঠিক।
Ans : B.

**11. In the eassy the student has ___ about a road trip.**
A. written B. memorized C. complained D. posted

ব্যাখ্যা: • Written - লিখিত • Memorized - মুখস্থ
• Complained - অভিযোগ • Posted - পোস্ট
প্রশ্নের sentence টির অর্থ হবে essay টিতে ছাত্ররা একটি road trip সম্পর্কে লিখেছিল। এখানে, লিখা অর্থে written হবে।
Ans : A.

**12. The word 'tormentor' is_____.**
A. a noon B. an adjective
C. a verb D. an adverb

ব্যাখ্যা: Tormentor - পীড়ক যা noun হিসেবে কাজ করে। Tormentor এর Adjective form হচ্ছে tormented এবং tormenting নিপীড়িত হয়েছে এমন।
Ans : A.

**13. Which of the following words is correctly spelt?**
A. Madena B. Malicous C. Mistic D. Mattress

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ correct spelling-

| | |
|---|---|
| Mystic | Madonna |
| Malicious | Dysentery |
| Misspell | Secretariat |
| Itinerancy | Parallel |
| Supersede | Surveillance |

Ans : D.

**14. The oppsite of accidental is ______.**
A. intentional B. occupational
C. sensational D. chaotic

ব্যাখ্যা: Accidental - আকস্মিক, দূর্ঘটনামূলক।
Synonym : Unexpected, Miraculous, Abrupt, Sudden, Casual.
Antonym : Intentional, Deliberate, Willful, Wary, Prepense.
Ans : A.

**15. Choose the odd word from the word list.**
A. Cyclone B. Earthquake
C. Diverge D. Tsunami

ব্যাখ্যা: • Cyclone - ঘূর্ণিঝড় • Earthquake - ভূমিকম্প
• Diverge - অপসারণ করা • Tsunami - সুনামি
(A), (B) এবং (D) তিনটি প্রাকৃতিক দূর্যোগ। কিন্তু option (C) এখানে verb যা অন্য তিনটি option থেকে ভিন্ন। সুতরাং সঠিক উত্তর হবে (C).
Ans : C.

**16. The synonym of false is _____.**
A. wrong B. right C. had D. good

ব্যাখ্যা: False - মিথ্যা, ভুল।
Synonym : Bogus, Wrong, Spurious, Deceitful, Mistaken.
Antonym : True, Factual, Genuine, Authentic, Veritable.
Ans : A.

**17. 'Teriary education' refers to ____ Education.**
A. School level B. Madrasa level
C. College level D. University level

ব্যাখ্যা: Tertiary education -- of relating to higher education. আমাদের দেশে university level এ higher education এর শিক্ষা দেয়া হয়।
Ans : D.

**18. Conflict may be described as :**
A. Harmony B. Homogerous
C. Disagseement D. Homologous

ব্যাখ্যা: • Conflict - দ্বন্দ্ব, সংঘর্ষ।
• Harmony - মিল, ঐক্য • Homogerous - সমজাতীয়
• Disagseement - মতভেদ • Homologous - সদৃশ
সুতরাং conflict কে শুধুমাত্র disagseement হিসেবে বর্ণনা করা যায়।
Ans : C.

**19. What is the meaning of the idiom 'Pins and neddles'?**
A. Uncomfortable feeling in a part of the body.
B. Part of a tailor's sweing kit
C. Uncomfortable wearning new shoes
D. Part of a electrician's tool kit

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ phrases and idioms-

| | |
|---|---|
| Pins and needles | শরীরের অস্বস্তিকর অবস্থা। |
| Pivotal question | প্রাসঙ্গিক প্রশ্ন। |
| Flying colours | বিজয় |
| By fits and starts | অনিয়মিতভাবে। |
| Keep your chin up | সাহসী মনোভাব। |

Ans : A.

**20. Choose the correct sentence.**
A. I am committed to pursuing a career in management.
B. I am committed in pursuing a career in management.
C. I am committed for pursuing a career in management.
D. I am committed against pursuing a career in management.

ব্যাখ্যা: Option (A) সঠিক। কারণ committed এর সাথে appropriate preposition to বসে। তাছাড়া look forward to, committed to, with a view to ইত্যাদির পর verb এর সাথে ing যুক্ত হয়।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

***Read the following passage and answer (question 21-25)***

Even a few years ago very few people had even head of the word Internet. Now it would be difficalt to find anyone who has not beard of a Many of us use it on a regular basis, and most of us have access to it at our homes too. The 'net' in the Internet stands for network. A network is two or more computers connected together so that information can be shared or sent from one to the other. The Internet is a vast resource for all types of information. You may enjoy uting is to do research, download your favourite song or communicate with family and friends. It is like a giant bulletin board for the whole world to see, Since anyone can put anything on the Internet, one must be very careful and use both judgement and common sense while accessing and using Internet sources.

**21. Today very few people can be found who have not beard of _____.**

A. the Internet B. the network
C. computer D. the laptop

ব্যাখ্যা: Passage এর 2nd sentence এ উল্লেখ আছে যে Now it would be difficult to find anyone who has not beard of (internet).
**Ans : A.**

**22. What does the 'net' in Internet stand for?**

A. Network B. Fishing nets
C. Speed D. Capacity

ব্যাখ্যা: Passage এর 4th sentence এ clearly বলা হয়েছে "The 'net' in the Internet stands for network." সুতরাং সঠিক উত্তর হবে Network.
**Ans : A.**

**23. Internet is called a source of ______?**

A. Information B. Statistics
C. art D. colture

ব্যাখ্যা: Passage এর 6th sentence এ উল্লেখ আছে "The Internet is a vast resource for all types of information." সুতরাং বলা যায় information এর source হচ্ছে Internet.
**Ans : A.**

**24. What are the main purposes of using the Internet?**

A. Research, entertainment and communication
B. Only entertainment
C. Only Research
D. Only communication

ব্যাখ্যা: Passage এর 7th sentence এ উল্লেখ আছে "You may enjoy using is to do research, download your favourite song or communicate with family and friends." সুতরাং internet ব্যবহারের main purposes research, entertainment and communication.
**Ans : A.**

**25. What is the meaning of the word 'access'?**

A. excess B. enter
C. boot D. communicate

ব্যাখ্যা: Passage এর 3rd sentence এর 2nd clause এ বলা হয়েছে most of us have access to it at our homes too. এখানে access দ্বারা প্রবেশ করা বুঝাচ্ছে। সুতরাং access এর meaning হবে enter.
**Ans : B.**

## বাংলাদেশ বিষয়াবলি

**১. রাশিয়া ব্যতিত অন্য কোন দেশ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে সহায়তা করছে?**

A. মার্কিন যুক্তরাষ্ট্র B. চীন C. ফ্রান্স D. ভারত

ব্যাখ্যা: • বাংলাদেশে পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প গ্রহণ করা হয় - ১৯৬১ সালে।
• বাংলাদেশের পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের নাম - রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প (অবস্থান- ঈশ্বরদী, পাবনা)।
• রামপাল কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত - রামপাল, বাগেরহাট।
• ২০১৭ সালে পারমাণবিক এ প্রকল্পের শান্তিপূর্ণ ব্যবহারে ভারতের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।
**Ans : D.**

**২. টেস্ট ক্রিকেটের ইতিহাসে উইকেটরক্ষক হিসেবে কে প্রথমবার দুটি দ্বিশতক করেছেন?**

A. লিটন দাস B. খালেদ মাসুদ
C. মুশফিকুর রহিম D. ইমরুল কায়েস

ব্যাখ্যা: বিশ্বের প্রথম উইকেটরক্ষক ব্যাটসম্যান হিসেবে টেস্ট ক্রিকেটে দুটি ডাবল সেঞ্চুরি করেন - মুশফিকুর রহিম।
**Ans : C.**

**৩. নির্মাণাধীন পদ্মা সেতুর মূল দৈর্ঘ্য কত??**

A. ৬.০৯ কি.মি. B. ৬.১১ কি.মি. C. ৬.১২ কি.মি. D. ৬.১৫ কি.মি.

ব্যাখ্যা: • পদ্মা সেতুর অবস্থান - মাওয়া (মুন্সিগঞ্জ) এবং জাজিরা (শরীয়তপুর)।
• মূল সেতুর দৈর্ঘ্য - ৬.১৫ কি.মি., প্রস্থ - ১৮.১০ মিটার।
• পিলার ৪২টি এবং স্প্যান - ৪১টি।
**Ans : D.**

**৪. বাংলাদেশে প্রথম আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল অ্যাক্ট কত সালে পাস করা হয়?**

A. ১৯৭২ B. ১৯৭৩ C. ২০০৯ D. ২০১৩

ব্যাখ্যা: • আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (বাংলাদেশ) হচ্ছে বাংলাদেশে প্রতিষ্ঠিত একটি অপরাধ ট্রাইব্যুনাল যার উদ্দেশ্য হচ্ছে ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধ চলাকালে সংঘটিত যুদ্ধাপরাধ, গণহত্যা, মানবতা ও শান্তির বিরুদ্ধে সংঘটিত অপরাধ সমূহ বিচার করা।
• ১৯৭৩ সালে বাংলাদেশে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল অ্যাক্ট পাস হয় এবং ২০০৯ সালে সংশোধিত হয়।
**Ans : B.**

**৫. ঢাকা সেনানিবাসে আগরতলা ষড়যন্ত্র মামলার স্মৃতিবিজড়িত জাদুঘর কোনটি?**

A. বঙ্গবন্ধু জাদুঘর B. বিজয় কেতন জাদুঘর
C. বীরশ্রেষ্ঠ জাদুঘর D. ঢাকা সেনানিবাস জাদুঘর

ব্যাখ্যা: • ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরটির নাম- 'বিজয় কেতন'।
• ঢাকা সেনানিবাস সংলগ্ন আগরতলা মামলার স্মৃতি বিজড়িত জাদুঘর - বঙ্গবন্ধু জাদুঘর।
**Ans : A.**

**৬. পাট দিয়ে তৈরি সোনালি ব্যাগের প্রধান আবিষ্কারক কে??**

A. ড. মাকসুদুল আলম B. ড. হাসিনা খান
C. ড. শামসুল আলম D. ড. মুবারক আহমেদ খান

ব্যাখ্যা: পাটের তৈরি পলিব্যাগ তথা 'সোনালী ব্যাগ' এর আবিষ্কারক - ড. মুবারক আহমেদ খান।
**Ans : D.**

**৭. মাধবকুণ্ড প্রাকৃতিক জলপ্রপাত কোন জেলায় অবস্থিত?**

A. সুনামগঞ্জ B. সিলেট C. হবিগঞ্জ D. মৌলভীবাজার

ব্যাখ্যা: বাংলাদেশের উল্লেখযোগ্য জলপ্রপাত-

| জলপ্রপাত | অবস্থান |
|---|---|
| মাধবকুন্ড | বড়লেখা, মৌলভীবাজার |
| সুভ লং | রাঙামাটি |
| নাফাখুম | থানচি, বান্দরবান |
| হামহাম | কমলগঞ্জ, মৌলভীবাজার |

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৮. বাংলার প্রাচীনতম নগরকেন্দ্র কোথায় অবস্থিত?
A. ময়নামতী B. বিক্রমপুর
C. মহাস্থানগড় D. উয়ারি-বটেশ্বর

ব্যাখ্যা: • বাংলাদেশের সর্বপ্রাচীন ও সর্ববৃহৎ নগর- পুন্ড্রনগর (বর্তমানে মহাস্থানগড়)।
• মহাস্থানগড় অবস্থিত - বগুড়ার করতোয়া নদীর তীরে।
• প্রাচীন পুন্ড্রনগরের ধ্বংসাবশেষ শনাক্ত করেন - স্যার আলেকজান্ডার কানিংহাম (১৮৭৯ সালে)।
• মহাস্থানগড়ের উল্লেখযোগ্য স্থান - শাহ সুলতান বলখীর মাজার, খোদাই পাথর ভিটা, বৈরাগীর ভিটা ও গোবিন্দ ভিটা।
Ans : C.

৯. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়েছে?
A. ৪ নভেম্বর ১৯৭২ B. ৫ নভেম্বর ১৯৭২
C. ১৫ ডিসেম্বর ১৯৭২ D. ১৬ ডিসেম্বর ১৯৭২

ব্যাখ্যা: • বাংলাদেশের সংবিধান রচনার অস্থায়ী সংবিধান আদেশ জারি করা হয় - ১১ জানুয়ারি ১৯৭২।
• গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয় - ৪ নভেম্বর ১৯৭২।
• জাতীয় সংবিধান দিবস - ৪ নভেম্বর।
• সংবিধান কার্যকর হয় - ১৬ ডিসেম্বর ১৯৭২।
Ans : D.

১০. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' কোথায় অনুষ্ঠিত হয়?
A. ট্রাফালগার স্কোয়ার B. টাইমস্ স্কোয়ার
C. ম্যাডিসন স্কোয়ার গার্ডেন D. রেড স্কোয়ার গার্ডেন

ব্যাখ্যা: • কনসার্ট ফর বাংলাদেশ অনুষ্ঠিত হয়- ১ আগস্ট ১৯৭১, নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে।
• কনসার্ট ফর বাংলাদেশের উদ্যোক্তা ছিলেন- জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর।
Ans : C.

১১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তনে সমাবর্তন বক্তা কে ছিলেন?
A. অধ্যাপক রেহমান সোবহান B. অধ্যাপক আনিসুজ্জামান
C. অধ্যাপক রফিকুল ইসলাম D. অধ্যাপক অনুপম সেন

ব্যাখ্যা: • ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তন অনুষ্ঠিত হয় - ৬ অক্টোবর ২০১৮।
• প্রধান বক্তা ছিলেন - জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান।
Ans : B.

১২. বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন নদীর সংখ্যা কয়টি?
A. ৫০ B. ৫২ C. ৫৩ D. ৫৪

ব্যাখ্যা: • প্রতিবেশি দেশগুলোর সাথে বাংলাদেশের আন্তঃসীমান্ত বা অভিন্ন নদী রয়েছে - ৫৭টি (যৌথ নদী কমিশন)।
• বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রবাহিত আন্তঃসীমান্ত নদী - ৫৪টি (যৌথ নদী কমিশন)।
• মিয়ানমার ও বাংলাদেশের মধ্যে প্রবাহিত নদী - ৩টি (সাঙ্গু, মাতামুহুরী ও নাফ)।
Ans : D.

১৩. বাংলার প্রাচীনতম বন্দরের নাম কী?
A. তাম্রলিপ্তি B. চন্দ্রকেতুগড়
C. গঙ্গারিডাই D. সমন্দর

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রধান সমুদ্রবন্দর - চট্টগ্রাম সমুদ্রবন্দর।
• চট্টগ্রাম বন্দর পালবংশের শাসনামলে 'সমন্দর' নামে পরিচিত ছিল।
• কর্ণফুলী নদীর তীরে অবস্থিত চট্টগ্রাম সমুদ্রবন্দরকে বাংলাদেশের প্রবেশদ্বার বলা হয়।
Ans : D.

১৪. বাংলাদেশের কোন নৃগোষ্ঠী সমতলে বসবাস করে?
A. চাকমা B. মারমা C. সাঁওতাল D. ত্রিপুরা

ব্যাখ্যা: • 'সাঁওতাল' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীটি বাংলাদেশের রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর ও দিনাজপুর জেলার সমতল এলাকায় বসবাস করে।
• সাঁওতালরা মূলত ১২টি গোত্র বা টোটেমে বিভক্ত।
• সাঁওতাল বিদ্রোহ সংঘটিত হয় - ১৮৫৫-৫৬ সালে।
Ans : C.

১৫. 'শিখা চিরন্তন' কোথায় অবস্থিত?
A. ঢাকা বিশ্ববিদ্যালয় B. ঢাকা সেনানিবাস
C. সোহরাওয়ার্দী উদ্যান D. চট্টগ্রাম সেনানিবাস

ব্যাখ্যা: • সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'শিখা চিরন্তন' একটি স্মরণ স্থাপনা।
• ১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবুর রহমান এই স্থানটিতে দাঁড়িয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন।
• 'স্মৃতি চিরন্তন' ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত একটি মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনা।
Ans : C.

১৬. বাংলাদেশের সংবিধানের কততম সংশোধনীতে সংসদীয় সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তন করা হয়?
A. একাদশ সংশোধনী B. দ্বাদশ সংশোধনী
C. ত্রয়োদশ সংশোধনী D. চতুর্দশ সংশোধনী

ব্যাখ্যা: • সংবিধানের চতুর্থ সংশোধনীর মাধ্যমে সংসদীয় সরকার ব্যবস্থা বিলুপ্ত করে রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা চালু করা হয়।
• দ্বাদশ সংশোধনীর মাধ্যমে সংসদীয় সরকার পদ্ধতি পুনঃপ্রবর্তন করা হয়।
Ans : B.

১৭. মধ্যযুগে উলুঘ খান নির্মিত বাংলার বিখ্যাত স্থাপত্যকর্মটির নাম কী?
A. আহসান মঞ্জিল B. লালবাগ কেল্লা
C. ষাট গম্বুজ মসজিদ D. আতিয়া মসজিদ

ব্যাখ্যা: • খান জাহান আলীর পুরো নাম - হযরত উলুঘ খান জাহান আলী (রা:)।
• ৮১টি গম্বুজ বিশিষ্ট 'ষাট গম্বুজ মসজিদ' নির্মাণ করেন খান জাহান আলী (অবস্থান - বাগেরহাট জেলায়)।
Ans : C.

১৮. কোন দেশের প্রতিষ্ঠান বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ তৈরি করেছে?
A. মার্কিন যুক্তরাষ্ট্র B. ফ্রান্স
C. ইংল্যান্ড D. জার্মানি

ব্যাখ্যা: • বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় - ১১ মে ২০১৮, (জন এফ কেনেডি স্পেস সেন্টার, ফ্লোরিডা, যুক্তরাষ্ট্র থেকে)।
• উৎক্ষেপণকারী প্রতিষ্ঠান - Spacex.
• নির্মাণকারী প্রতিষ্ঠান - Thales Alenia Space (সদর দপ্তর- ফ্রান্স)।
• স্যাটেলাইটটি বহনকারী রকেট - Falcon 9.
Ans : B.

১৯. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ কোন তারিখে ইউনেস্কোর 'মেমোরি অব দা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল' রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে?
A. ৩০ আগস্ট ২০১৭ B. ৩০ অক্টোবর ২০১৭
C. ৩১ আগস্ট ২০১৭ D. ৩১ অক্টোবর ২০১৭

ব্যাখ্যা: • বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানের (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক জনসভায় ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ দেন।
• ভাষণটির মোট সময় - ১৮ মিনিট (মতান্তরে - ১৯ মিনিট)।
• ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো ৭ মার্চের ভাষণকে 'বিশ্ব প্রামান্য ঐতিহ্য' ঘোষণা করে।
Ans : B.

২০. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে অবসানের জন্য কোন দুজন নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?
A. সিতারা বেগম ও তারামন বিবি
B. তারামন বিবি ও জাহানারা ইমাম
C. তারামন বিবি ও সেলিনা বেগম
D. তারামন বিবি ও সেলিনা বেগম

ব্যাখ্যা: • স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য ২ জন নারীকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করা হয় তারা হলেন - তারামন বিবি ও ক্যাপ্টেন ড. সিতারা বেগম।
• তারামন বিবি ২০১৮ সালের ১ ডিসেম্বর মৃত্যুবরণ করেন।
Ans : A.

২১. 'দা আলটিমেট ফেইট অব দা ইউনিভার্স' বইটির রচয়িতা কে?
A. সত্যেন্দ্রনাথ বোস B. মেঘনাদ সাহা
C. এম. জাহিদ হাসান D. জামাল নজরুল ইসলাম

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: গ্রন্থ ও রচয়িতা–

| গ্রন্থ | রচয়িতা | গ্রন্থ | রচয়িতা |
|---|---|---|---|
| দ্য আলটিমেট ফেইট অব দ্য ইউনিভার্স | জামাল নজরুল ইসলাম | লং ওয়াক টু ফ্রিডম | নেলসন ম্যান্ডেলা |
| মাই লাইফ | বিল ক্লিনটন | দ্য অডাসিটি অব হোপ | বারাক ওবামা |
| নিউ ফ্রিডম | উড্রো উইলসন | ক্রিপলড আমেরিকা | ডোনাল্ড ট্রাম্প |
| Mein Kampf (আমার সংগ্রাম) | অ্যাডলফ হিটলার | এ ব্রিফ হিস্টরি অব টাইম | স্টিফেন হকিং |

**Ans : D.**

**২২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি উপাচার্য কে ছিলেন?**
A. স্যার এ. এফ. রহমান B. ড. রমেশ চন্দ্র মজুমদার
C. ড. মাহমুদ হাসান D. বিচারপতি মুহাম্মদ ইব্রাহিম

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম :

| বিষয় | প্রথম |
|---|---|
| উপাচার্য | পিজে হার্টজ |
| মুসলিম/উপমহাদেশের/বাঙালি উপাচার্য | স্যার এ এফ রহমান |
| ছাত্রী | লীলা নাগ |
| মুসলিম ছাত্রী | ফজিলাতুন্নেছা |
| ডি. লিট লাভকারী | হরপ্রসাদ শাস্ত্রী |
| সমাবর্তন | ২২ ফেব্রুয়ারি ১৯২৩ |
| স্বাধীনতার পর প্রথম সমাবর্তন | ১৮ ডিসেম্বর ১৯৯৯ |
| ডাকসু নির্বাচন | ১৯২৪ |

**Ans : A.**

**২৩. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বিখ্যাত গেরিলা দল 'ক্র্যাক প্লাটুন' কোন সেক্টরের অধীনে ছিল?**
A. সেক্টর ৪ B. সেক্টর ৩ C. সেক্টর ২ D. সেক্টর ১

ব্যাখ্যা: • 'ক্রাক প্লাটুন' হচ্ছে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালে ঢাকা শহরে গেরিলা আক্রমণ পরিচালনাকারী একদল তরুণ মুক্তিযোদ্ধাদের সংঘটিত দল।
• মুক্তিযুদ্ধের সময়ে ঢাকা শহর ২নং সেক্টরের অধীন ছিল।
**Ans : C.**

**২৪. কোন বাঙালি ৭ম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন?**
A. শীলভদ্র B. অতীশ দীপংকর C. কাহ্নপা D. জীমুতবাহন

ব্যাখ্যা: সপ্তম শতকে বাংলাদেশের বর্তমান কুমিল্লা জেলার শীলভদ্র নালন্দা বিশ্ববিদ্যালয়ের সর্বাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন।
**Ans : A.**

**২৫. আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন 'মাটির ময়না' চলচ্চিত্রের নির্মাতা কে? ?**
A. আলমগীর কবির B. তারেক মাসুদ
C. তানভীর মোকাম্মেল D. মোরশেদুল ইসলাম

ব্যাখ্যা: • কান চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণকারী এবং পুরস্কার বিজয়ী প্রথম বাংলাদেশি চলচ্চিত্র 'মাটির ময়না' (২০০২)।
• নির্মাতা - তারেক মাসুদ।
• তাঁর নির্মিত অন্যান্য চলচ্চিত্র - রানওয়ে, মুক্তির কথা, মুক্তির গান, সে, আদম সুরত, অন্তর্যাত্রা প্রভৃতি।
**Ans : B.**

## আন্তর্জাতিক বিষয়াবলি

**১. WIPO এর পূর্ণাঙ্গ রূপ ——।**
A. ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল প্রপার্টি অর্গানাইজেশন
B. ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি অর্গানাইজেশন
C. ওয়ার্ল্ড ইন্টারন্যাশাল প্লেয়ার্স অর্গানাইজেশন
D. ওয়ার্ল্ড ইন্টেলিজেন্স প্রপার্টি অর্গানাইজেশন

ব্যাখ্যা: • WIPO (World Intellectual Property Organization) জাতিসংঘের বিশেষ সংস্থার অন্তর্ভুক্ত হয় - ১৭ ডিসেম্বর ১৯৭৪ (প্রতিষ্ঠা- ১৯৭০)।
• সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড।
**Ans : B.**

**২. ২০১৮ সালে মালয়েশিয়ার সাধারণ নির্বাচনের মাহাথির বিন মোহাম্মদ কাকে পরাজিত করেছিলেন?**
A. আনোয়ার ইব্রাহিম B. নাজিব রাজাক
C. গাফার বাবা D. আব্দুল্লাহ আহমেদ বাদওয়ী

ব্যাখ্যা: • ২০১৮ সালের নির্বাচনে নাজিব রাজাককে পরাজিত করে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নির্বাচিত হন - মাহাথির মোহাম্মদ।
• মাহাথির মোহাম্মদ বিশ্বের সবচেয়ে বয়স্ক প্রধানমন্ত্রী (৯২ বছর বয়সে নির্বাচিত হন)।
**Ans : B.**

**৩. কোন সনদের ভিত্তিতে আন্তর্জাতিক ফৌজদারি আদালত প্রতিষ্ঠিত হয়েছিল?**
A. ১৯৯৮ সালের রোম সনদ B. ২০০০ সালের প্যারিস সনদ
C. ২০০৪ সালের ভিয়েনা সনদ
D. ২০০৩ সালের আন্তর্জাতিক ফৌজদারি আদালত সনদ

ব্যাখ্যা: • আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC - International Criminal Court) প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৮ সালের ১৭ জুলাই ইতালির রোমে চুক্তি গৃহীত হয়।
• কার্যক্রম শুরু - ৯ নভেম্বর ২০০৬।
• সদর দপ্তর - দি হেগ, নেদারল্যান্ডস।
**Ans : A.**

**৪. জাপানে মার্কিন যুক্তরাষ্ট্রের স্থায়ী ঘাঁটি কোথায় অবস্থিত?**
A. হিরোশিমা B. ওসাকা C. ওকিনাওয়া D. টোকিও

ব্যাখ্যা: • 'ওকিনাওয়া' জাপানের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি দ্বীপ ও মার্কিন সামরিক ঘাটি।
• ২০১৯ সালের ফেব্রুয়ারিতে ওকিনাওয়া মার্কিন ঘাটি নিয়ে ওকিনাওয়াতে গণভোট অনুষ্ঠিত হয়।
**Ans : C.**

**৫. রোহিঙ্গা জনগোষ্ঠী মায়ানমারের কোন রাজ্যে বাস করে?**
A. রাখাইন B. শান C. কচিন D. চিন

ব্যাখ্যা: • রোহিঙ্গা হচ্ছে মিয়ানমারের রাখাইন রাজ্যের একটি উল্লেখযোগ্য নৃতাত্ত্বিক গোষ্ঠী। মিয়ানমারের সামরিক বাহিনী ও উগ্রপন্থী বৌদ্ধদের দ্বারা আক্রান্ত হয়ে তারা বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে আশ্রয় গ্রহণ করে।
• রাখাইন রাজ্যের পূর্বনাম - আরাকান এবং আরাকানের পূর্ব নাম- রোসাং বা রোসাঙ্গ দেশ।
**Ans : A.**

**৬. দি বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভকে (বিআরআই) আরো যে নামে ডাকা হয়.........।**
A. দ্যা সিল্ক রোড ইকোনোমিক বেল্ট
B. ওয়ান বেল্ট ওয়ান রোড
C. উপরের যে কোনো একটি নামে
D. উপরের দুটি নামেই

ব্যাখ্যা: • ওয়ান বেল্ট ওয়ান রোড (এক অঞ্চল, এক পথ) হচ্ছে চীন সরকার গৃহীত একটি উন্নয়ন কৌশল ও কাঠামো।
• এটি ইংরেজিতে 'বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ' (বি আর আই) নামে পরিচিত।
• স্থলভিত্তিক সিল্ক রোড ইকোনোমিক বেল্ট এবং সমুদ্রগামী মেরিটাইম সিল্করোড এই উদ্যোগের অন্তর্ভুক্ত।
**Ans : D.**

**৭. আফ্রিকার কোন দেশে চীনের সামরিক ঘাঁটি রয়েছে?**
A. জাম্বিয়া B. দক্ষিণ আফ্রিকা C. উগান্ডা D. জিবুতি

ব্যাখ্যা: চীন আফ্রিকার দেশ জিবুতিতে প্রথম বৈদেশিক নৌঘাঁটি নির্মাণ করে।
**Ans : D.**

**৮. সম্প্রতি কোন দেশটি তাদের দূতাবাস তেল আবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করেছে?**
A. ভারত B. ব্রাজিল C. মার্কিন যুক্তরাষ্ট্র D. চীন

ব্যাখ্যা: • মার্কিন যুক্তরাষ্ট্র তাদের দূতাবাস তেল আবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করেছে (১৪ মে, ২০১৮) এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জেরুজালেমকে ইসরাইলের রাজধানী হিসেবে স্বীকৃতি দেয়- ৬ ডিসেম্বর ২০১৭।
• OIC (Organization of Islamic Cooperation) পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনের রাজধানী হিসেবে স্বীকৃতি দেয়- ১৩ ডিসেম্বর ২০১৭।
**Ans : C.**

আমার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৯. বিশ্বের কোন দেশ অস্ত্র রপ্তানিতে শীর্ষে?
A. রাশিয়া B. মার্কিন যুক্তরাষ্ট্র C. চীন D. ফ্রান্স

ব্যাখ্যা: সামরিক ব্যয়ে ও অস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ - যুক্তরাষ্ট্র।
Ans : B.

১০. ইয়েমেনের হুতি আন্দোলনের আনুষ্ঠানিক নাম.......... ।
A. আনসার আল্লাহ B. জুন্দ আনসার আল্লাহ
C. হিজবুল্লাহ D. বারিক আল্লাহ

ব্যাখ্যা: ইয়েমেনে শিয়া ধর্মাবলম্বী জাইদি সম্প্রদায় হুতি/হুথি নামে পরিচিত এবং তারা হুথি আন্দোলনের সাথে সম্পৃক্ত যার আনুষ্ঠানিক নাম 'আনসার উল্লাহ'।
Ans : A.

১১. যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর নাম কী?
A. সাদিক খান B. বরিস জনসন
C. সাজিদ জাভিদ D. এম্বার রাড

ব্যাখ্যা: ২০১৮ সালে যুক্তরাজ্যের নতুন স্বরাষ্ট্রমন্ত্রী (হোম সেক্রেটারি) হিসেবে দায়িত্ব গ্রহণ করেন - সাজিদ জাভিদ (পাকিস্তানি বংশোদ্ভূত)।
Ans : C.

১২. রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন কোন রাজনৈতিক দলের নেতা?
A. লিবারেল ডেমোক্রেটিক পার্টি
B. ইউনাইটেড রাশিয়া
C. সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি
D. কমিউনিস্ট পার্টি

Ans : B.

১৩. প্যারিস চুক্তি হল............. ।
A. শান্তি সমঝোতা B. জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সমঝোতা
C. অস্ত্রনিয়ন্ত্রণ সমঝোতা D. পারমাণবিক নিরস্ত্রীকরণ সমঝোতা

ব্যাখ্যা: • জলবায়ু পরিবর্তন বিষয়ক প্যারিস চুক্তিটি গৃহীত হয় - ১২ ডিসেম্বর ২০১৫।
• স্বাক্ষরে জন্য উন্মুক্ত করা হয় - ২২ এপ্রিল ২০১৬।
• প্যারিস চুক্তি কার্যকর হয় - ৪ নভেম্বর ২০১৬।
Ans : B.

১৪. লাতিন আমেরিকার কোন দেশটিতে সম্প্রতি দুর্ভিক্ষ দেখা দিয়েছে?
A. ব্রাজিল B. কলম্বিয়া C. বলিভিয়া D. ভেনেজুয়েলা

ব্যাখ্যা: অর্থনৈতিক মন্দার কারণে ভেনেজুয়েলাতে দুর্ভিক্ষ দেখা দেয়।
Ans : D.

১৫. জাতিসংঘের মহাসচিব এন্টানিয়ো গুটারেসের নাগরিকত্ব কোনটি?
A. পর্তুগিজ B. চেক C. ফরাসি D. ব্রাজিলিয়ান

ব্যাখ্যা: • জাতিসংঘের প্রথম মহাসচিব - ট্রাইগ লাই (নরওয়ে)।
• নবম মহাসচিব - অ্যান্টনি ও গুতেরেস (পর্তুগাল), তিনি রোমান ক্যাথলিক ধর্মের অনুসারী ও পর্তুগিজ নাগরিক এবং দায়িত্ব গ্রহণ করেন- ১ জানুয়ারি ২০১৭।
Ans : A.

১৬. সম্প্রতি কোন দুটি দেশকে জাতিসংঘের সাধারণ পরিষদে ভোট দান থেকে বিরত রাখা হয়েছে?
A. সোমালিয়া ও লিবিয়া B. ইরাক ও ইরান
C. পাকিস্তান ও উত্তর কোরিয়া D. ভেনিজুয়েলা ও লিবিয়া

ব্যাখ্যা: • ভেনিজুয়েলা ও লিবিয়াকে তৃতীয় বারের মতো জাতিসংঘের সাধারণ পরিষদের ভোটদান থেকে বিরত রাখা হয়েছে।
• অর্থনৈতিক মন্দা ও ঋণগ্রস্ত হওয়ার কারণে এই দুই দেশকে ভোটদান থেকে বিরত রাখা হয়।
Ans : D.

১৭. কোন দেশটির সঙ্গে সমুদ্রের যোগাযোগ নেই?
A. থাইল্যান্ড B. ভুটান C. ফ্রান্স D. জাপান

ব্যাখ্যা: সমুদ্র বন্দরবিহীন বা স্থলবেষ্টিত দেশসমূহ: নেপাল, ভুটান, মঙ্গোলিয়া, আফগানিস্তান, লাওস, অস্ট্রিয়া, হাঙ্গেরি, ভ্যাটিকান সিটি, মালি, নাইজার, শাদ, ইথিওপিয়া, দক্ষিণ সুদান, প্যারাগুয়ে, বলিভিয়া প্রভৃতি।
Ans : B.

১৮. নেপাল কমিউনিস্ট পার্টি (এনসিপি) কোন ধরনের দুটি রাজনৈতিক দলকে একীভূত করেছে?
A. দুই কমিউনিস্ট দলকে B. দুই মাওবাদী দলকে
C. দুই গণতান্ত্রিক দলকে D. দুই রাজতান্ত্রিক দলকে

ব্যাখ্যা: • নেপালের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী - লেনিনবাদী) এবং নেপালের কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী) দল দুটি একত্রিত হয়ে 'নেপাল কমিউনিস্ট পার্টি' গঠিত হয়।
• প্রতিষ্ঠা: ৬ জানুয়ারি ১৯৯১।
Ans : A.

১৯. ফোর্বস ম্যাগাজিন কর্তৃক মনোনীত বিশ্বের সর্বাপেক্ষা প্রভাবশালী নারী কে?
A. সোনিয়া গান্ধী B. হিলারি ক্লিনটন C. থেরেসা মে D. অ্যাঙ্গেলা মার্কেল

ব্যাখ্যা: • ২০১৮ সালের ফোর্বস ম্যাগাজিন অনুযায়ী টানা সপ্তমবার শীর্ষ ক্ষমতাধর নারী মনোনীত হয়েছেন অ্যাঙ্গেলা মার্কেল।
• অ্যাঙ্গেলা মার্কেল জার্মানির চ্যান্সেলর এবং তিনি ক্রিশ্চিয়ান ডেমোক্রেটিক ইউনিয়ন (সিডিইউ) দলের নেত্রী।
Ans : D.

২০. কোন দেশ উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জকে নাগরিকত্ব প্রদান করেছে?
A. চীন B. রাশিয়া C. ইকুয়েডর D. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা: ২০১৮ সালে ইকুয়েডর উইকিলিকস এর প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জকে নাগরিকত্ব প্রদান করে।
Ans : C.

২১. কোন মার্কিন আদিবাসী নারী ২০১৮ সালের মধ্যবর্তী নির্বাচনে জয়ী হয়ে প্রথম বারের মতো যুক্তরাষ্ট্রের কংগ্রেস সদস্য হয়েছেন?
A. শ্যারিস ডেভিডস B. এলসি অ্যালেন
C. পলা গান অ্যালেন D. কুইন অ্যান

ব্যাখ্যা: • প্রথম আদিবাসী নারী হিসেবে মার্কিন নির্বাচনে জয়লাভ করেন শ্যারিস ডেভিডস।
• শ্যারিস ডেভিডস ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী ছিলেন এবং ক্যানসাস অঙ্গরাজ্য থেকে কংগ্রেস সদস্য নির্বাচিত হন।
Ans : A.

২২. কোন দেশ চীনের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্যের জন্য ইউয়ান মুদ্রা ব্যবহার করে থাকে?
A. থাইল্যান্ড B. কম্বোডিয়া C. তাইওয়ান D. পাকিস্তান

ব্যাখ্যা: চীনের সাথে বাণিজ্যের ক্ষেত্রে ইউয়ান মুদ্রা ব্যবহারে পাকিস্তান-চীন চুক্তি সাক্ষরিত হয়েছে এবং ইরানকে ঋণের মুদ্রা হিসেবে ইউয়ান প্রদানে ইরান-চীন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
Ans : D.

২৩. সম্প্রতি ভারতে স্থাপিত সর্দার বল্লভভাই প্যাটেলের ভাস্কর্যটির রাষ্ট্রীয় নাম কী?
A. স্ট্যাচু অব ইউনিটি B. স্ট্যাচু অব ফ্রিডম
C. স্ট্যাচু অব লিবার্টি D. স্ট্যাচু অব ডেমোক্রেসি

ব্যাখ্যা: • 'ঐক্যের মূর্তি' বা 'স্ট্যাচু অব ইউনিটি' ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা বল্লভ ভাই প্যাটেলের স্মৃতির উদ্দেশ্যে নির্মিত একটি ভাস্কর্য।
• ১৮২ মিটার উঁচু এই ভাস্কর্যটি বিশ্বের সবচেয়ে উঁচু ভাস্কর্য।
Ans : A.

২৪. কোন দেশ ব্রিটিশ উপনিবেশ ছিল না?
A. চীন B. নেপাল C. মালদ্বীপ D. জাম্বিয়া

ব্যাখ্যা: • ব্রিটিশদের কাছে নেপাল ছিল এক দুর্গম ও রহস্যময় এলাকা তাই ব্রিটিশরা নেপালে উপনিবেশ গড়েনি।
• চীনের কিয়দংশ ব্রিটিশ শাসনের অধীনে পরিচালিত হত। যেমন– হংকং।
• থাইল্যান্ড কখনো কোনো দেশের উপনিবেশ ছিল না।
Ans : B.

২৫. বাব-আল মান্দেব বিভক্ত করেছে................ ।
A. ইয়েমেন, জিবুতি এবং ইরিত্রিয়াকে
B. ইয়েমেনে, জিবুতি এবং ইথিওপিয়াকে
C. ইয়েমেন, কেনিয়া এবং সুদানকে
D. ইয়েমেন, জিবুতি এবং সোমালিয়াকে

ব্যাখ্যা: • বাব-এল-মান্দেব লোহিত সাগর ও এডেন উপসাগরকে সংযোগকারী একটি প্রণালী।
• প্রণালীটি আরব উপদ্বীপে অবস্থিত ইয়েমেন এবং হর্ন অব আফ্রিকায় অবস্থিত জিবুতি, ইরিত্রিয়া ও সোমালিয়াকে পৃথক করেছে।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার